গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mocat.gov.bd

স্মারকনম্বর-৩০.০০.০০০০.০১০.১১.০০১.১৯- ৪৭৬

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৬ ব.
২১ মে ২০১৯ খ্রি.

# পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের গত ১৯.৫.২০১৯ তারিখের স্মারক নং-৩০.০০.০০০০.০১০.১১.০০১.১৯-৪৫৭ অনুযায়ী দৈনিক ইত্তেফাক ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন এ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনিবার্য কারণে বাতিল করে নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে পুনরায় দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (Steno-typist Cum Computer Operator) (গ্রেড-১৩) ১১,০০০/- ২৬,৫৯০/- | ১৮-৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৩ (তিন) টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; (গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ; (ঘ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং (ঙ) কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | *গাজীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নোয়াখালী, সিরাজগঞ্জ, নওগাঁ, বগুড়া, দিনাজপুর, কুড়িগ্রাম, কুষ্টিয়া, বরগুনা, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।* |
| ২. | কম্পিউটার অপারেটর (Computer Operator) (গ্রেড-১৩) ১১,০০০/- ২৬,৫৯০/- | ১৮-৩০ বৎসর | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; | |
| ৩. | ক্যাশিয়ার (Cashier) (গ্রেড-১৪) ১০,২০০/- ২৪,৬৮০/- | ১৮-৩০ বৎসর। | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী; (খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউচার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হইবে; | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (Office Assistant-Cum-Computer Typist) (গ্রেড-১৬) ৯,৩০০/-২২,৪৯০/- | ১৮-৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৩ (তিন) টি | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ২০ এবং বাংলায় ২০ শব্দ;<br>(গ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(ঘ) কম্পিউটারে word processing সহ ই-মেইল ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৫. | অফিস সহায়ক (Office Support Staff) (গ্রেড-২০) টা:৮,২৫০/-২০,০১০/- | ১৮-৩০ বৎসর | ৩ (তিন) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | *মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ি, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, চাঁদপুর, সিরাজগঞ্জ, নওগাঁ, রংপুর, দিনাজপুর, পঞ্চগড়, খুলনা, যশোর, বাগেরহাট, বরিশাল, ভোলা ও সিলেট জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।* |

২। নিম্ন বর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. ২৩.৫.১৯ তারিখে প্রার্থীর বয়স সীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা সবোর্চ্চ ৩২ বছর। বিভাগীয় প্রার্থীর (একই নিয়োগ বিধির আওতায় নিয়োগ প্রাপ্ত বা নিয়োজিত কর্মচারী) ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর। তবে বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. এই নিয়োগ বিজ্ঞপ্তির বর্ণিত ছকের ১, ৪ ও ৫ শূন্য পদসমূহ পূরণে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪" ২ নং ক্রমিকের শূন্য পদ পূরণে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এবং ৩ নং ক্রমিকের শূন্য পদ পূরণে "মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যামান সরকারি যাবতীয় বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

ঘ. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের বিপরীতে বিধি মোতাবেক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। তবে বর্ণিত ছকের ১ থেকে ৪ নং ক্রমিকের শূণ্য পদসমূহের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

ঙ. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

চ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যারপুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি ও আবেদনে উল্লেখ করতে হবে।

ছ. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিস্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৩। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. শুধুমাত্র অনলাইনে আবেদন করতে হবে। কোন আবেদন সরাসরি গ্রহণ করা হবে না। তবে অনলাইনে করা সকল আবেদন সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বরাবর করা হয়েছে মর্মে গণ্য হবে।

খ. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://mocat.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. **Online**-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৩.৫.১৯ সকাল ১০:০০ টা।

ii **Online**-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৯.৬.২০১৯ বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষার ফি জমা দিবেন।

গ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

ঘ. **Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু **Online**-এ আবেদনপত্র **Submit** করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষাসংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

চ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ টি (দুই) SMS করে **১-৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৫ নং ক্রমিকের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ০৬.০০ টাকা মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা ৭২** (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: MOCAT<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **MOCATABCDEF**

Reply: **Applicant's Name, Tk. 112/ 56 will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX**.To pay fee **Type MOCAT<Space>Yes<Space>PIN** and send to 16222.

দ্বিতীয় SMS: MOCAT<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example :MOCAT YES XXXXXXXXXX**

Reply: **Congratulations Applicant's Name, payment completed successfully for MOCAT Application for** (Post Name) **xxxxxxxxxxxxxx User ID is** (ABCDEF) and **Password** (xxxxxxxx).

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mocat.teletalk.com.bd ওয়েবসাইটে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের

Website: www.mocat.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MOCAT<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: MOCAT HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: MOCAT<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: MOCAT HELP PIN 12345678

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৪। Online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

স্মারক নং- ৩০.০০.০০০০.০১০.১১.০০১.১৯- ৪৭৬ (৮)

তারিখঃ ৭ জ্যৈষ্ঠ ১৪২৬ ব.
২১ মে ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন, পর্যটন ও পরিকল্পনা)/ বিমান ও সিএ/আইন ও হোরেসেল, এ মন্ত্রণালয়।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, এ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, এ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সহকারী প্রোগ্রামার, এ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ২৩.৫.২০১৯ তারিখ সকাল ১০.০০ টা হতে ৯.৬.২০১৯ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)।
৮. অফিস কপি।

(মোঃ মাহবুবুর রহমান)
উপসচিব